



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-সিলেট

কর ভবন, ১৩১ বুরহান উদ্দিন রোড, মেদিবাগ, সিলেট।

www.taxeszonesylhet.gov.bd

নথি নং-প্র-১(৬)/কঃঅঃ-সিলেট/২০২২-২০২৩/ ২০৮৩


তারিখ : ০৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

কর অঞ্চল-সিলেট এর নিয়োগ সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এ মর্মে সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা যাচ্ছে যে, এ কর অঞ্চলে নিয়োগের ক্ষেত্রে সম্ভাব্য অনিয়মের সকল পথ রুদ্ধ করার লক্ষ্যে নিয়োগবিধি যথাযথ অনুসরণ এবং শতভাগ স্বচ্ছতা বজায় রেখে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। তথাপি কেউ কোন অনৈতিক কর্মকান্ড/আর্থিক অনিয়মে জড়িত হলে দাতা এবং গ্রহীতা উভয়ের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। সম্পূর্ণ মেধার ভিত্তিতে এবং সরকারী বিধি মোতাবেক নিয়োগ দেয়া হবে।

এই বিজ্ঞপ্তির ব্যত্যয় করে কোন ব্যক্তি, দালাল বা প্রতারক চক্রের সাথে নিয়োগ সংক্রান্ত কোন কাজে আর্থিক লেনদেন কিংবা প্রতারনা করার প্রমাণ পাওয়া গেলে তার বিপরীতে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বর্ণিত অবস্থায়, সংশ্লিষ্ট সকলকে প্রতারণিত না হওয়ার জন্য সতর্ক করা হলো।


২৩/০৩/২৩

সৈয়দ জাকির হোসেন
কর কমিশনার (চলতি দায়িত্ব)
কর অঞ্চল-সিলেট।